আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৫১৯ প্রকাশকাল: ২৬-১২-২০২৪ ইং

কাবলাল জুমআ ছুটে গেলে কাযা করা কি জরুরি?

প্রশ্ন:

আমি একদিন কাবলাল জুমআ চার রাকাত নামায পড়ছিলাম। প্রথম বৈঠকে থাকাকালেই খুতবা শুরু হয়ে যায়। তাই সালাম ফিরিয়ে নামায থেকে বের হয়ে যাই। নামাযের পর তা আর পুনরায় পড়িনি। জানার বিষয় হলো, এখন কি আমাকে কাবলাল জুমআ চার রাকাতের কাযা করতে হবে?

-আবুল হাসান

উত্তর:

بسم الله الرحمن الرحيم

চার রাকাত বিশিষ্ট সুন্নত শুরু করার পর জামাত কিংবা খুতবা শুরু হয়ে গেলে দুই রাকাত আদায় করেই সালাম ফিরিয়ে দিতে হয় এবং জামাতের পর আবার চার রাকাত আদায় করতে হয়। সুতরাং দুই রাকাত আদায় করে সালাম ফিরিয়ে দেয়াটা নিয়ম সম্মতই হয়েছে। কিন্তু জামাতের পর চার রাকাত আদায় করে নেওয়া উচিত ছিল। তবে তখন যেহেতু আদায় করেননি, এখন আর আদায় করতে হবে না।

কারণ, গ্রহণযোগ্য মত অনুসারে চার রাকাত বিশিষ্ট সুন্নত নামায শুরু করার পর তৃতীয় রাকাতে দাঁড়ানোর আগ পর্যন্ত কেবল দুই রাকাতই ওয়াজিব হয়। প্রশ্নোক্ত সূরতে যেহেতু তৃতীয় রাকাত শুরু করেননি, তাই দুই রাকাতই ওয়াজিব হয়েছিল। আর আপনি তা আদায় করে নিয়েছেন। সুতরাং এখন কোনো ওয়াজিব অনাদায়ী থাকছে না। ওয়াক্ত শেষ হয়ে যাওয়ার পর যেহেতু সুন্নত কাযা করার নিয়ম নেই, তাই এখন তা কাযা করতে হবে না।

দেখুন: কিতাবুল আসল: ১/৩০৩, মাবসুতে সারাখসী: ১/১৫৯, আল-হিদায়া: ১/১০৮, খুলাসাতুল ফাতাওয়া: ১/১৯১, গুনিয়াতুল মুতামাল্লী: ২/৩৯, হালবাতুল মুজাল্লী: ২/২৪৭, রদ্দুল মুহতার: ২/৫৩-৫৪

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৩-০৫-১৪৪৬ হি.

২৬-১১-২০২৪ ঈ.